# "উদ্ভাবন পরিকল্পনা: ধারণা, কৌশল ও মূল্যায়ন" শীর্ষক কর্মশালার প্রতিবেদন





৩০ মার্চ, ২০২২

## ইনোভেশন টিম

### বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

# "উদ্ভাবন পরিকল্পনাঃ ধারণা, কৌশল ও মূল্যায়ন" শীর্ষক কর্মশালার

# প্রতিবেদন




"উদ্ভাবন পরিকল্পনাঃ ধারণা, কৌশল ও মূল্যায়ন" শীর্ষক কর্মশালার ব্যানারের চিত্র

৩০/০৩/২০২২ তারিখ বুধবার ইনোভেশন টিম কর্তৃক আয়োজিত "উদ্ভাবন পরিকল্পনাঃ ধারণা, কৌশল ও মূল্যায়ন" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালাটিতে সভাপতিত্ব করেন মাননীয় ট্রেজারার ও ডিন, এসওবি এবং ইনোভেশন টিমের সভাপতি প্রফেসর মোস্তফা আজাদ কামাল।


রিসোর্স পারসন হিসেবে ছিলেন মাহমুদুল হাসান সোহাগ সি. ই. ও, রকমারি ডট কম এবং চেয়ারম্যান, অন্যরকম গ্রুপ এবং মাননীয় ট্রেজারার ও ডিন, এসওবি, বাউবি, সভাপতি প্রফেসর মোস্তফা আজাদ কামাল।রিসোর্স পারসন জনাব মাহমুদুল হাসান সোহাগ, সকল আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালক, উপ-আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা এবং বাউবির শিক্ষার্থীগণ জুম লিংক এর মাধ্যমে কর্মশালায় যুক্ত হন। এছাড়া ইনোভেশন টিমের সভাপতিসহ সকল সদস্য, সকল ডিন, পরিচালক, এবং এপিএ প্রতিনিধিগণ বাউবি'র গাজীপুরস্থ ক্যাম্পাসে ভাইস-চ্যান্সেলরস্ মিটিং হলে সারা দিন ব্যাপী কর্মশালায় অংশগ্রহণ করেন।




অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, মাননীয় ট্রেজারার এবং সভাপতি ইনোভেশন টিম, বাউবি।



রির্সোস পারসন মাহমুদুল হাসান সোহাগ, সি. ই. ও, রকমারি ডট কম এবং চেয়ারম্যান, অন্যরকম গ্রুপ।



রিসোর্স পারসন মাহমুদুল হাসান সোহাগ একজন সফল উদ্যোক্তা। তাঁর আলোচ্য বিষয়ঃ উদ্ভাবন কী, কেন এবং কীভাবে নিয়ে আলোচনার পূর্বে সফল উদ্যোক্তা হওয়ার সংক্ষিপ্ত বর্ণনা দেন। তাঁর বিষয়বস্তু আলোচনার ক্ষেত্রে তিনি বলেন সর্বপ্রথম কী, কেন এবং কীভাবে প্রশ্ন করে সমস্যা চিহ্নিত করা অর্থাৎ আমরা যে যে ক্ষেত্রে কাজ করি, যে যে প্রতিষ্ঠানে কাজ করি, কাজ করার ক্ষেত্রে আমাদের যে সমস্যা গুলো আছে সেগুলোকে ক্যাটাগরিক্যালি চিহ্নিত করা। আমরা যখন সমস্যা চিহ্নিত করতে পারবো সমাধানও আমরা করতে পারবো যার যার নতুন নতুন ধারণা দিয়ে। সমাধানের জন্য Communication এর প্রয়োজন হতে পারে। Communication এর ক্ষেত্রে আমি অন্য একজনের মধ্যে নিজেকে দেখতে পাই কি-না। অর্থাৎ সবক্ষেত্রে Positive Thinking দিয়ে Change এর পক্ষে কথা বলা।

Sensitize করার জন্য সব জায়গায় Positive বিষয় ছড়িয়ে দেয়া, আলোচনা করা। Connection হলো অন্যজনের মধ্যে নিজেকে দেখতে পাওয়া। প্রত্যেকের মধ্যেই Pro-Active Thinking & Re-Active Thinking, Positive Thinking & Passive Thinking রয়েছে। Technically আমরা এখনো অনেকে সাউন্ড নই। কোনো সমস্যা সমাধানের ক্ষেত্রে এটা কোনো বড় বাঁধা নয়। সমস্যা সমাধানের ক্ষেত্রে Technical Issue- র অনেক আগে Mental Blockage দূর করা জরুরী।



*উদ্ভাবন পরিকল্পনা: ধারণা, কৌশল ও মূল্যায়ন” শীর্ষক কর্মশালায় জুম লিংক এর মাধ্যমে অংশগ্রহণকারীদের অংশবিশেষ এর স্ক্রীন শট*

প্রশ্ন উত্তর এর মধ্য দিয়ে উদ্ভাবন কী, কেন এবং কীভাবে বাস্তবায়ন করা যাবে সে বিষয়েও তিনি আলোচনা করেন। এতে বাউবির অনেক আঞ্চলিক পরিচালক, উপ-আঞ্চলিক পরিচালক, অন্যান্য কর্মকর্তা এবং শিক্ষার্থী তাদের সমস্যার কথা তুলে ধরেন এবং যে সমস্যা তুলে ধরা হয় প্রশ্ন উত্তরের মধ্য দিয়ে তারা নিজেরাই বেশ কিছুর সমাধান বের করে নিয়ে আসেন। যেমনঃ-

যশোর আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালক জনাব বিষ্ণুপদ ভৌমিক এর মতে, বাউবি'র ভর্তি সমস্যার সমাধান করার ক্ষেত্রে আঞ্চলিক কেন্দ্রের অংশগ্রহণ হলে এ সমস্যার সমাধান দ্রুত করা সম্ভব হতে পারে অর্থাৎ সমাধানের জন্য Decentralization করা প্রয়োজন।

ছাত্র আব্দুল কাদের এর প্রশ্নের উত্তরে রিসোর্স পারসন বলেন সংশ্লিষ্ট ক্ষেত্রে ছাত্রদের কোনো সমস্যা সমাধানের জন্য ছাত্র গ্রুপ- এ ম্যাসেজ এর মাধ্যমে বা পোস্টার দিয়ে বা বার বার বলে কেন্দ্রীয় Management থেকে তাদের কাঙ্ক্ষিত সমাধান বের করে আনা সম্ভব। এর জন্য প্রয়োজন নেতৃত্বের।

কর্মশালায় সভাপতি মহোদয় ইনোভেশন ল্যাব নামে একটি Whatsapp গ্রুপ খোলার জন্য প্রস্তাব করেন যেখানে সদস্যরা তাদের উদ্ভাবনী ধারণা শেয়ার করবে এবং আলোচনা করবে। এই গ্রুপের কো-অর্ডিনেটর হবেন রংপুর আঞ্চলিক কেন্দ্রের সহকারী আঞ্চলিক পরিচালক জনাব মোঃ আবু সায়েম। জনাব মাহমুদুল হাসান সোহাগকে এই গ্রুপের উপদেষ্টা হিসেবে থাকার জন্য সভাপতি মহোদয় অনুরোধ জানান, যা তিনি আনন্দের সাথে গ্রহণ করেন।

এই কর্মশালা থেকে প্রতীয়মান হয় যে, উদ্ভাবন হলো সংশ্লিষ্ট কাজের ক্ষেত্রে সমস্যা সমাধানের প্রক্রিয়া। উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের জন্য বিশেষ করে প্রয়োজন নিজের Attitude এর পরিবর্তন অর্থাৎ Positive Thinking এবং হার না মানার মানসিক শক্তি।


*__কৃতজ্ঞতা স্বীকার:__*

*কর্মশালা করার সম্মতি দেয়ায় সর্বপ্রথম মাননীয় উপাচার্যকে কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। কর্মশালাটি সফলভাবে সম্পন্ন করার জন্য ইনোভেশন টিমের সকল সদস্যকে কৃতজ্ঞতা জানাই। অনলাইন কার্যক্রমে সহযোগীতা করার জন্য কম্পিউটার বিভাগ, স্থিরচিত্র ধারণের জন্য তথ্য ও গণসংযোগ বিভাগ এবং Workshop-এর Video করার জন্য মিডিয়া বিভাগের সংশ্লিষ্ট সকলকে কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। সর্বশেষে এই Workshop-এর পূর্ব প্রস্তুতি থেকে শুরু করে অন্যান্য সকল কর্মকান্ড সফলভাবে সম্পন্ন করার জন্য অর্থ ও হিসাব বিভাগের সংশ্লিষ্ট সকলকে এবং ব্যানার তৈরিতে সহযোগিতা করার জন্য রেজিস্ট্রার দপ্তরের সেকশন অফিসার মোঃ মাসুদ রানাকে কৃতজ্ঞতা জানাচ্ছি। সর্বোপরি কর্মশালায় অংশগ্রহণকারী সকলকে কৃতজ্ঞতা জানাচ্ছি।*


30/03/2022


**নার্গিস আখতার**<br>
যুগ্ম পরিচালক (মনিটরিং)<br>
ও<br>
সদস্য-সচিব, ইনোভেশন টিম<br>
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

**অধ্যাপক মোস্তফা আজাদ কামাল**<br>
ট্রেজারার ও ডিন, এসওবি<br>
ও<br>
সভাপতি, ইনোভেশন টিম<br>
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়